

# বাংলাকে ভালবেসে

অস্ট্রেলিয়ায় আসার পর উদ্যমী সংগঠক আনোয়ার আকাশের কাছে যখন শুনলাম বাংলা ভাষা শেখা ও কথা বলার চর্চা রাখার জন্য বাংলা একাডেমী অস্ট্রেলিয়া নামের একটি ব্যতিক্রমী প্রতিষ্ঠান খোলা হয়েছে তখন আমি সত্যিই চমৎকৃত হই ও আনন্দ পাই। কারণ আমি ২৬/২৭ বছর ধরে শিক্ষকতার সাথে জড়িত আছি। তাও আবার মূলতঃ বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে। আমি বাংলা ভাষা ও সাহিত্যে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনার্স ও মাস্টার্স করে পরে বিএড করেছি শিক্ষকতার জীবনকে ভালবেসে। অবশ্য এর পাশাপাশি গান, আবৃত্তি, নাচ, সেলাই, হেয়ার ড্রেসিং, ফুল বানানো, ঘর সাজানো, নার্সিং, সমাজ সেবা, ছবি তোলা, দেশ-বিদেশ ঘুরে বেড়ানো কোনটাই বাদ দিতে পারিনি। জীবনের শেষ দিন পর্যন্ত সব সব কিছু শিখতে, শেখাতে ও ভোগ করতে চাই।

বাংলা স্কুলে পড়াতে গিয়ে ইচ্ছা হলো ইংরেজী মিডিয়াম স্কুলে কি ধরনের পাঠদান পদ্ধতি ব্যবহার হয় তা জানতে ও শিখতে। তাই প্রথমে যোগ দিলাম ঢাকার সানবিম্‌স স্কুলে। এর পরে স্কলার্সটিকায়। এখানে এসে অবাঙ্গালীদের বাংলা ভাষা লিখতে, পড়তে ও বলতে পারার সফলতার আনন্দ উপভোগ করেছি প্রচুর। আমি কাজের মাঝে ধর্মকে ঠিক রেখে মানুষের সাথে সুন্দর সম্পর্ক গড়াকে গুরুত্ব দেই। আর এতেই মনে হয় মানুষের সবচেয়ে বড় সুখ পাওয়া সম্ভব।

একটা বিষয়ে আমি দৃঢ় বিশ্বাসী যে ইচ্ছা থাকলে উপায় হয়। অর্থাৎ ভাল ইচ্ছা থাকলে মানুষ ভাল কাজ করতে পারবে আর পৃথিবীতে কিছু একটা অবদান রেখে যেতে পারবে যা সবার মাঝে বহু দিন ধরে একটা উপমা হয়ে থাকবে। অন্যেরা তাতে অনুপ্রাণিত হবে। অবশ্যই এর জন্য প্রয়োজন ইচ্ছা ও ধৈর্য। এই প্রেক্ষিতে আমি বলতে পারি আনোয়ার আকাশ ও তার সুযোগ্য স্ত্রী শারমিন সফিউদ্দিন এর নিরলস প্রচেষ্টা, ঐকান্তিকতা, পরিশ্রম ও তাদের সুহৃদয় বন্ধুজনদের সহযোগিতায় প্রতিষ্ঠিত বাংলা একাডেমী অস্ট্রেলিয়ার সাথে যুক্ত হতে পেরে নিজেকে ধন্য ও গৌরবান্বিত মনে করছি। আশা করছি এই প্রতিষ্ঠানের সুনাম ও সাফল্য আরো দ্রুত ছড়িয়ে পড়বে। এপিংয়ে স্থাপিত প্রথম কেন্দ্রটির পরে ব্লাকটাউন আর ইঙ্গেলবার্নে আরো দুটো শাখা খোলা এই প্রতিষ্ঠানের সফলতারই পরিচায়ক। বাংলা ভাষা শেখা, ছবি আঁকা, গান, নাচ, অভিনয়, আবৃত্তি শেখার সাথে সাথে শুদ্ধভাবে কুরআন পড়া ও বুঝানোর ক্লাস চালু হয়েছে। শিক্ষার্থীদের ইচ্ছা থাকলে আরো নতুন বিষয়, যেমন তবলা, পিয়ানো, কি-বোর্ড, হাতের কাজ ইত্যাদি শেখানো যেতে পারে।

আমি সিডনীতে প্রবাসী সকল বাঙ্গালীর প্রতি আহ্বান জানাই, আসুন, সবাই সুন্দর মন নিয়ে নিজেদের মাতৃভাষা ও সংস্কৃতিকে বাঁচিয়ে রাখার জন্য এগিয়ে আসি। নিজেদের, বন্ধুদের আর পরিচিতদের যে কোন বয়সের ছেলেমেয়েদের বাংলা একাডেমী অস্ট্রেলিয়ায় ভর্তি করিয়ে শিকড়কে জানা ও শেখার মহান উদ্দেশ্যকে সফল করে তুলি। বিগত দিনের ভুল-ভ্রান্তি, মতদৈর্ঘ্যতা আর মনোমালিন্যকে পিছনে ফেলে নতুন উদ্যম নিয়ে এগিয়ে আসি। সবাই আবার বিশ্বাস করতে শুরু করি, নিজের আদি পরিচয় ভুলে নতুনের মোহাবিষ্ট থাকাটা কখনই গৌরবের নয়। নিজের অতীত, নিজের গোড়া আর নিজের সংস্কৃতিকে জানা, শেখা আর ধারণ করাটা প্রকারান্তরে নিজেকেই ভালবাসা। প্রবাসের বাঙ্গালীরা, বাংলা ভাষার মর্যাদা রাখতে, বাংলাকে ভালবাসতে, আসুন, আমরণ বাংলার জয়গান করি।

**সৈয়দা নাজনীন হায়দার (নীনা)**

বাংলা একাডেমী অস্ট্রেলিয়া, ব্ল্যাকটাউন, NSW 2148, ফোন : 9676 8407